

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৩৪.২০১৩-০২

তারিখঃ ০১/০১/২০১৪খ্রিঃ

বিষয় : অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ মোতাবেক বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ মোতাবেক বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উক্ত আইনের সংশ্লিষ্ট ধারা উল্লেখপূর্বক ২০/১১/১৩ খ্রি: তারিখে একটি পরিপত্র জারি করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট কার্যক্রম দ্রুত সম্পাদনের লক্ষ্যে জনস্বার্থে ২১/১১/১৩ খ্রি: তারিখে আরেকটি পরিপত্র জারি করা হয়। পরিপত্র দু'টি সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, সহকারী কমিশনার (ভূমি) সহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পরিপত্র দু'টি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। এর লক্ষ্য ছিল বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ স্বল্পতম সময়ে সফল পাবেন। কিন্তু বিভিন্ন স্থান থেকে এ মন্ত্রণালয়ের গোচরে আনা হচ্ছে যে, মন্ত্রণালয় থেকে ইস্যুকৃত পরিপত্রের বিষয়ে মাঠ পর্যায়ে যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে না। কোন কোন ক্ষেত্রে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে ভূমির মালিকানা দাবিদার/মালিকগণ অযথা হয়রানির শিকার হচ্ছেন মর্মেও অভিযোগ পাওয়া যাচ্ছে, যা মোটেই কাম্য নয়।

২। বর্ণিত অবস্থার পরিশ্রেক্ষিতে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্রের আলোকে প্রকৃত ভূমি মালিকগণ যাতে দ্রুত সফল পান এবং কোন ক্রমেই তারা যেন অহেতুক হয়রানির শিকার না হন, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। জেলা প্রশাসক এর সভাপতিত্বে সংশ্লিষ্ট জেলার সহকারী কমিশনার (ভূমি)গণের সমন্বয়ে বিশেষ সভা আহবানের মাধ্যমে বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে অব্যাহতভাবে মনিটরিং করার জন্যও অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

স্বাক্ষরিত/-

তারিখঃ ০১/০১/২০১৪ খ্রিঃ
(মোঃ ইব্রাহীম হোসেন খান)
যুগ্মসচিব (আইন)
ফোনঃ ৯৫৪০০৩২

জেলা প্রশাসক,

..... সকল (তিন পার্বত্য জেলা ব্যতীত)।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৩৪.২০১৩-০২/৬১(১২)

তারিখঃ ০১/০১/২০১৪খ্রিঃ


অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মৌলিক মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি কার্যার্থে :-

- ১। বিভাগীয় কমিশনার, (সকল)।

✓ প্রোগ্রামার, আই,টি সেল, ভূমি মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(এম এ শাহ মাহমুদুল হাসান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮